[redacted]

[redacted]

আমার অপারেশনের সময় ভুল করেছে আমি ক্ষতিপুরুনসহ বিচার চাই।

বাচেনার স্বামী আব্দুল হামিদ বলেন, আমি একজন প্রতিবন্ধী। আমার একটি পা অচল। কেউ আমাকে কাজে নেইনা। আমি এখন কি করব তা ভেবে রাতে ঘুমাতে পারছিনা। গত শনিবারে আমার স্ত্রীকে রাজশাহীতে নিয়ে গিয়েছিলাম। সেখানে গিয়ে স্ত্রীর পেটের মধ্যে কাঁচি মিলেছে। আমি আবার কি দিয়ে তার অপারেশন করাবো। আমার আর কিছুই নাই। কার কাছে গেলে সহযোগীতা পাবো তাও জানিনা। আমি এর সুষ্ঠ বিচার চাই।

প্রতিবেশী আফরোজ খাতুন বলেন, প্রতি রাতে বাচেনার চিৎকারে আমরা অতিষ্ট হয়ে যায়। অনেক সময় তার কান্নায় আমাদেরও চোখে পানি আসে। অনেক টাকা খরচ করেও যদি ডাক্তার এমন ভুল করেন তাহলে আমরা কোথায় যাব? এই নিঃস্ব বাচেনার চিকিৎসার সব দায়িত্ব ও ক্ষতিপুরুনের দাবী করছি।

স্থানীয় ইউপি সদস্য সুজন আলী বলেন, সহায় সম্বল বিক্রি করেও যখন হয়নি তখন বাচেনার চিকিৎসার জন্য গ্রামের অনেক মানুষ তাকে আর্থিকভাবে সহযোগীতা করেছে। গতকাল জানতে পারলাম বাচেনার পেটের মধ্যে একটি কাাঁচি রেখেই সেলাই দিয়েছে ডাক্তার।

ডাক্তারের এমন ভুলে বাচেনার পরিবার শুধু নিঃস্বই হয়নি জীবনও বিপন্ন হতে চলেছে। স্থানীয় জনপ্রতিনিধি হিসেবে ডাক্তারের কাছে আমি বিষয়টি জানাবো, যদি তিনি এর ক্ষতিপুরন ব্যাবস্থা না করেন তবে তার বিরুদ্ধে আইনগত ব্যাবস্থা নেয়া হবে।

রাজা ক্লিনিকের সত্বাধিকারী ডাক্তার পারভিয়াস হোসেন রাজা বলেন, আমি বিষয়টি এড়িয়ে যেতে পারিনা। আমিও ওই অপারেশনের সময় সহকারি হিসেবে ছিলাম। মানুষ মাত্রই ভুল হতে পারে। তার পরেও ডাক্তার মিজানুর রহমান একজন সার্জারি বিভাগের ভাল ডাক্তার ছিলেন।

তিনি ওই সময় মেহেরপুর জেনারেল হাসপাতালে চাকুরি করতেন। তখন আমার ক্লিনিকে সব অপারেশনই তিনি করতেন। তিনিই ভুলটা করতে পারেন। তাবে তার পরিচয় জানিনা। মেহেরপুরে চাকুরির সুবাদে তার সাথে আমার পরিচয় ছিল। হয়তোবা এটি তার অনাকাংখিত ভুল। তবুও কুড়ি বছর বাচেনাকে কস্ট পেতে হয়েছে। আমি এখন জানতে পারলাম ওই পরিবারের সাথে যোগাযোগ করে তার সব দায়িত্ব আমি নিব।

অপাবেশনের বিশেষজ্ঞ চিকিৎসক মিজানুর রহমানের সাথে বিভিন্ন ভাবে যোগাযোগ করার চেষ্টা করা হলেও সম্ভব হয়নি। তিনি ২০০১ সােও

মেহেরপুর জেনারেল হাসাপাতের কর্মরত ছিলেন। এখন তিনি অবসর নিয়ে নিজ এলাকা খুলনাতে আছেন বলে একটি সুত্রে জানাগেছে। তবে তার সম্পর্কে বিস্তারিত জানা সম্ভব হয়নি।

কোটচাঁদপুরে নির্বাচিত ইউপি চেয়ারম্যান ও সদস্যদের শপথ গ্রহন

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার ৫টি ইউনিয়ন পরিষদের নব-নির্বাচিত চেয়ারম্যান, সংরক্ষিত আসন ও সাধারণ ওয়ার্ডের সদস্যরা শপথ গ্রহন করেছেন। সোমবার সকালে ঝিনাইদহ জেলা প্রশাসকের কার্যালয়ে নবনির্বাচিত ৫ ইউপি চেয়ারম্যানদের শপথ বাক্য পাঠ করান, জেলা প্রশাসক মোঃ মজিবুর রহমান। একইদিন দুপরে উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদ মিলনায়তনে নব-নির্বাচিত সংরক্ষিত আসন ও সাধারণ ওয়ার্ডের সদস্যদের শপথ বাক্য পাঠ করান, উপজেলা নির্বাহী অফিসার মোঃ দেলোয়ার হোসেন। এতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি।
এছাড়াও সভায় উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি, নবনির্বাচিত ইউপি চেয়ারম্যান- আব্দুল মান্নান, আব্দুল জলিল বিশ্বাস, শাহারুজ্জামান সবুজ, নজরুল ইসলাম ও মিজানুর রহমান খাঁন। শপথ অনুষ্ঠানে নির্বাচিত সকল জন প্রতিনিধিদের নিষ্ঠা ও সততার সঙ্গে জনগণের সেবা দিতে নির্দেশনা দেওয়া হয়।

সংরক্ষিত মহিলা মেম্বর প্রার্থীর স্বামীর উপর হামলা

ঝিনাইদহ জেলার হরিনাকুন্ডু থানাই ইউপি নির্বাচন কে সামনে রেখে প্রার্থীরা যখন উৎসবমুখর পরিবেশে ভোটাধিকার প্রয়োগ করতে ব্যস্ত তখন ৬নং ফলসী ইউনিয়নের ৪,৫,৬ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা মেম্বর প্রার্থী মোছাঃ রোকেয়া খাতুনের স্বামীর উপরে হামলার অভিযোগ দায়ের হয়েছে।
ভুক্তভোগী মোঃনাজমুল(৩৮) পিতা মৃত চেনির উদ্দীন, গ্রাম বলরামপুর বলেন, আজ (০৩/০১/২০২২) আনুমানিক সকাল ৮ ঘটিকার সময় বলরামপুর বাজারে অভিযুক্ত ১। মো আবুসালেহ(৬০)পিতা বাহার মন্ডল,২।সদর আলি(২৬) পিতা আবুসালেহ,উভয় সাং- বলরামপুর আমাকে লাঠি দিয়ে মেরে ফেলার জন্য বেধড়ক মারধর করে।তিনি আরও বলেন আসামীরা বিভিন্ন সময়ে আমাকে হুমকি দিয়ে আসলেও আমি সেটা আমলে না নিয়ে নির্বাচনী কার্যকলাপ পরিচালনা করে আসছিলাম।
আমার স্ত্রীর পাশ সুনিশ্চিত বুঝতে পেরে তারা আমাকে নির্বাচন থেকে দুরে সরিয়ে দেওয়ার জন্যই এই হামলা চালাই।
সর্বশেষ তথ্যমতে এ বিষয়ে হরিনাকুন্ডু থানাই অভিযোগ দায়ের করার প্রস্তুতি চলছে।

মেহেরপুর বিসিকে ৩ উদ্যোক্তাকে লাঞ্চিত করার অভিযোগ

মেহেরপুর বিসিক শিল্প নগরীতে অফিস প্রধান কর্তৃক ৩ উদ্যোক্তাকে লাঞ্চিত করার অভিযোগ উঠেছে। বিসিক শিল্প নগরিতে করোনা প্যাকেজের লোনের আবদেনের বিষয়ে খোঁজ খবর নিতে যেয়ে লাঞ্চিত হয়েছেন বলে অভিযোগ করেন উদ্যোক্তারা।

লাঞ্চিত উদ্যোক্তারা হলেন, মেহেরপুর স্কয়ার ইঞ্জিনিয়ারিং ওয়ার্ক

প্রতিনিধি মিজানুর রহমান জনিকে লাঞ্চিত করেন তিনি।

মেহেরপুর জেলা তাঁতী লীগের সভাপতি নুর ইসলাম সুবাদ মুঠোফোনে বলেন, বিসিকে সে কেন যাবে? এভাবে তাঁতী লীগের পরিচয় দিয়ে যেখানে সেখানে হুমকী ধামকি দেবে এটা ঠিক না। বিষয়টা আমরা দেখছি। তবে এটা নিয়ে নিউজ করেন না।

মেহেরপুর বিসিকের উপ ব্যবস্থাপক মো: আশানুজ্জামান বলেন, কাকে ঋণ দেবো আর না দেবো সেটা আমাদের বিষয়। এ বিষয়ে আমরা জবাব দিতে বাধ্য নয়। তা ছাড়া মেহেরপুর জেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক লিখন আমার আত্মীয়। তিনি আরো বলেন, আবুল কালাম আমাদের হুমকী ধামকি দিলে তাকে আমাদের কর্মচারীরা ঘাড় ধরে বের করে দেন। আর টিটোন আমাদের কর্মকর্তা আসাদুলের আত্মীয়। তার ডাকে সে এসেছে।

মেহেরপুরে গুরু মা সীমার নির্যাতনের প্রতিবাদে হিজড়াদের সংবাদ সম্মেলন

` গুরু মা হঠাও, দেশ বাঁচাও’ স্লোগান তুলে গুরু মা সীমা হিজড়ার নির্যাতন ও তার কর্তৃত্ববাদী শাসনের প্রতিবাদে সংবাদ সম্মেলন করেছেন মেহেরপুরের হিজড়া সস্প্রদায়ের সদস্যরা।

সোমবার সকালে মেহেরপুর জেলা প্রেস ক্লাবে রেখা হিজড়ার নেতৃত্বে ১২ জন হিজড়া সংবাদ সম্মেলনে বক্তব্য দেন।

বক্তব্য দিতে গিয়ে সীমা হিজড়ার অন্যায়, অত্যাচারের বর্ণনা দিতে গিয়ে অনেকেই কেঁদে ফেলেন এবং প্রশাসনের কাছে তার বিচারের দাবি করেন।

এ সময় সিমরান হিজড়া বলেন, রোদে পুড়ে বৃষ্টিতে ভিজে লাঞ্ছনা সহ্য করে আমরা গ্রামে গ্রামে কাজ করে আয় করি। আর গুরুমা সব টাকা নিয়ে নেই। গুরুমা রা রাজতন্ত্র প্রথা চালু করে আমাদের নির্যাতন করে। আমরা প্রতিবাদ করলে হিজড়া সন্ত্রাসী ভাড়া করে নিয়ে এসে আমাদের

নির্যাতন করে।

সোহাগী হিজড়া বলেন, সীমা হিজড়া আমার গুরু মা। আমাকে তিনি হুমকি দেন, সবসময় ভয়ভীতি দেখান। আমি পুলিশ সুপারের কাছে হাতজোড় করে আবেদন করছি যাতে এই গুরুমা আমাদের নির্যাতন করতে না পারে এবং তার অধিনে যাতে থাকতে না হয় তার আবেদন করছি।

সন্ধ্যা বলেন, দুই লাখ টাকা নিয়ে তাঁকে ১০টা গ্রামে কাজ করতে দেয়। তারপরও ইনকামের টাকা সীমা কেড়ে নেয়। আমরা হিজড়া ছিলাম না, আমাদের হিজড়া বানানো হয়েছে তার স্বার্থ রক্ষার জন্য। আমরা তার বিচার চাই।

সুরভী বলেন, আমি বিয়ে বাড়িতে নাচ করে বেড়াতাম। আমি পুরুষ ছিলাম। সে আমাকে প্রলোভন দিয়ে হিজড়া বানিয়ে এক লাখ টাকা নিয়েছে। পরে যখন হিজড়া হয়ে গ্রামে গ্রামে কাজ করতে যায় তখন তার লোকজন দিয়ে আমাকে মারধর করে।

সংবাদ সম্মেলনে আরো বক্তব্য দেন লিপি, সুমী, রেখা, নুপুর, পিংকি, রুবিনা ও অন্তরা। তারা বলেন, আমরা মানুষের বাড়ি বাড়ি গিয়ে নবজাতক সন্তানদের নাচিয়ে টাকা ইনকাম করি। গুরু মার নির্দেশে মানুষের সাথে খারাপ আচরণ করে টাকা নিতে হয়। প্রতিদিন ২০ থেকে ৩০ হাজার টাকা আমরা দুটি উপজেলা থেকে ইনকাম করে নিয়ে আসি। সেখান থেকে তিনি আমাদের মাত্র ৫ হাজার টাকা দেন। আর বাকিটা তিনি তার পৌষ্য কন্যার কাজে দিনাজপুরে পাঠিয়ে দেন। আমরা তার কথামত ইনকাম না করে আনলে আমাদের উপর নির্যাতন শুরু করে। আমরা নিজেরা বাচ্চা নাচালে যে যা খুশি হয়ে দেবে আমরা তা নিয়েই নিজের জীবন জীবিকা নির্বাহ করবেন বলে জানান। তিনি রাজতন্ত্র কায়েম করে আমাদের চালাতে চান।

তবে এ ব্যাপারে সীমা হিজড়ার সাথে যোগাযোগ করলে সে প্রথমে ঔধ্বত্যপূর্ণ আচরণ করেন। পরে বলেন, আমার বিরুদ্ধে যারা বলেছেন তারা মিথ্যা বলেছেন। হিজড়া সম্প্রদায়ের নিয়ম আছে সে নিয়মেই তাদের চলতে হয়।

মেহেরপুরে সেলুন ব্যবসায়ী সমিতির সাধারণ সভা ও কমিটি গঠন

মেহেরপুরে জেলা সেলুন ব্যবসায়ী, মালিক ও কর্মচারী কল্যাণ সমিতির ৩ বছরের জন্য কমিটি গঠন করা হয়েছে। মামলোত হোসেন কে সভাপতি ও দুললুপ হোসেনকে সাধারণ সদস্য করে ১১ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে।

আজ সোমবার দুপুরে বাসস্ট্যান্ডের ফিনফুড এন্ড ক্যাটারিং মিলনায়তনে এ উপলক্ষে সাধারণ সভা অনুষ্টিত হয়। মামলত হোসেনের সভাপতিত্বে সাধারণ সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা সমাজসেবা কার্যালয়ের (ভারঃ) উপ-পরিচালক কাজী কাদের মোহাম্মদ ফজলে রাব্বি।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,সেলুন ব্যবসায়ী, মালিক ও কর্মচারী কল্যাণ সমিতির উপদেষ্টা ও শহর সমাজসেবার সভাপতি মোঃ আমিনুল ইসলাম খোকন,হোটেল বাজার ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক মোঃ জাহিদ ইকবাল শিমন, মেহেরপুর প্রেস ক্লাবের সভাপতি মোঃ ফারুক হোসেন, শহর সমাজসেবা অফিসার মোঃ সোহেল মাহমুদ।
এছাড়া ও জেলা সেলুন ব্যবসায়ী,মালিক ও কর্মচারী কল্যাণ সমিতির বিভিন্ন সদস্যদরা উপস্থিত ছিল।

কমিটির অন্য সদস্যরা হলেন যুগ্ন সাধারণ সম্পাদক বদরুল আলম, কোষাধ্যক্ষ জিয়া, সাংগঠনিক সম্পাদক মোঃ রাজিব শেখ, সহ-সাংগঠনিক সম্পাদক বক্কর, প্রচার সম্পাদক রুবেল, সহ প্রচার সম্পাদক সেলিম, নির্বাহী সদস্য ইমতিয়াজ ও হান্নান।

হরিনাকুণ্ডুতে দুস্থ ও অসহায়

মানুষের মধ্যে কম্বল বিতরণ

ঝিনাইদহে হরিনাকুন্ডু উপজেলায় দুস্থ ও অসহায় শীতার্ত মানুষের মধ্যে তিন শতাধিক কম্বল বিতরণ করা হয়েছে।
দেশের শীর্ষস্থানীয় শিল্পগোষ্ঠী বসুন্ধরা গ্রুপের পক্ষ থেকে এবং দৈনিক কালের কণ্ঠ পত্রিকার সংগঠন শুভসংঘের আয়োজনে রবিবার (০২জানুয়ারি) সকালে হরিনাকুন্ডু উপজেলার জেলা পরিষদ অডিটোরিয়ামে এ কম্বল বিতরণ করা হয়।
কম্বল বিতরণী অনুষ্ঠানে ঝিনাইদহ কালের কণ্ঠের প্রতিনিধি এম সাইফুল মাবুদের সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্য রাখেন, হরিনাকুন্ডু উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হেসাইন, বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, হরিনাকুন্ডু উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা নাফিস সুলতানা, হরিনাকুন্ডু পৌর সভার মেয়র মোঃ ফারুক হোসেন, হরিনাকুন্ডু থানার অফিসার ইনর্চাজ অব্দুর রহিম মোল্লা, বাংলানিউজটোয়েন্টিফোর ডট কমের ঝিনাইদহ ডিস্ট্রিক্ট করেসপন্ডেন্ট এম রবিউল ইসলাম রবি, হরিনাকুন্ডু প্রেসক্লাব এর সভাপতি সাইফুজ্জামান তাজু, সাধাণর সম্পাদক এইচ মাহবুব মিলু, সহ সভাপতি মুস্তাক আহমেদ,যুগ্ম সম্পাদক রাব্বুল হেসাইন,পৌর কাউন্সিলর মোঃ রেজাউল ইসলাম, উপজেলা সেচ্ছাসেবক লীগের যুগ্ম আহবায়ক রাফেদুল হক সুমন প্রমূখ।
হরিনাকুন্ডু উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হেসাইন বলেন, কনকনে শীতে মানুষ কাতর হয়ে পড়েছে, ঠিক তখনই বসুন্ধরা গ্রুপের অর্থায়নের গরীব ও দুস্থদের মধ্যে কম্বল দেওয়া শুরু করেছে। হরিনাকুন্ডু উপজেলা বাসীর পক্ষ থেকে তাদের ধন্যবাদ জানায়। এমন একটি ভালো কাজের সঙ্গে আমরা সব সময় বসুন্ধরা গ্রুপের পাশে আছি এবং থাকবো। আগামীতে হরিনাকুন্ডু উপজেলা বাসীর জন্য আরো বেশি করে কম্বল দিয়ে দুস্থ ও অসহায় শীতার্ত মানুষের মধ্যে সোহযোগীতা করার জন্য আহ্বান জানান।
বিশেষ বক্তা হিসেবে হরিনাকুন্ডু উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা নাফিস সুলতানা বলেন, প্রথমে আমি বসুন্ধরা গ্রুপকে ধন্যবাদ জানায়, সেই সাথে কালের কণ্ঠের প্রতিনিধি এম সাইফুল মাবুদ ও বাংলানিউজটোয়েন্টিফোর ডট কমের ঝিনাইদহ ডিস্ট্রিক্ট করেসপন্ডেন্ট এম রবিউল ইসলাম রবিসহ কালের কণ্ঠ পত্রিকার সংগঠন শুভসংঘকে ধন্যবাদ জানিয়ে বলেন, বসুন্ধরার মতো দেশের অন্যান্য প্রতিষ্ঠানকে দরিদ্র মানুষের পাশে দাড়ানোর আহ্বান জানাচ্ছি। ভবিষ্যৎ দুস্থ ও অসহায় শীতার্ত মানুষের পাশে থাকবেন বলে আমি মনে

করি। হরিনাকুন্ডু উপজেলার পোলতাডাঙ্গা গ্রামের দিনমহাম্মদ ৷

দর্শনায় চোলাই মদ ব্যাবসায়ী শামীম গ্রেফতার

দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে চোলাই মদ ব্যাবসায়ী শামীমকে গ্রেফতার করেছে।গতকাল রবিবার রাত সাড়ে ১০ টার দিকে মাদক বিরোধী অভিযান চালায় দর্শনা রেল বাজার কাঁচা পট্রিতে।দর্শনা থানার চৌকস অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবিরের নেতৃত্বে এস আই সুমন্ত বিশ্বাস এ এস আই কাজী আঃ মান্নান গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালায় দর্শনা রেল বাজার গণ শৌচাগারের পিছনে।

এ সময় পুলিশ দর্শনা পৌরসভার মোবারকপড়ার বিল্লাল হোসনের ছেলে বাংলামদ ব্যাবসায়ী শামীম হোসেন (৪০) কে ৫ লিটার বাংলা মদসহ তাকে গ্রেফতার করে। এস আই সুমন্ত বিশ্বাস বাদী হয়ে ২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন অনুযায়ী তার বিরুদ্ধে মামলা দায়ের করেন।গতকালই তাকে চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করছে।

দামুড়হুদার দুই মোটরসাইকেলের সংঘর্ষে ১ জন নিহত, আহত ২

দামুড়হুদা উপজেলায় দুই মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে আবুল কালাম (৫২) নামে এক ব্যবসায়ীর মৃত্যু হয়েছে। আহত হয়েছে আরও দুজন। আহতদের উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।

রোববার সন্ধ্যার পর দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা গ্রামের নতুনপাড়ার মোড়ে এদূর্ঘটনা ঘটে। নিহত আবুল কালাম দামুড়হুদা

উপজেলার কুড়ুলগাছি ইউনিয়নের ধান্যঘরা গ্রামের মৃত নেছার আলীর ছেলে।

আহত ২জন হলেন, দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের আরামডাঙ্গা গ্রামের মালিতাপাড়ার ওমর ফারুক মালিতার ছেলে শাকিল মালিতা (২২) ও একই উপজেলার হাওলী ইউনিয়নের রঘুনাথপুর গ্রামের আবুল হাইয়ের ছেলে হাসিবুল ইসলাম (২৫)।

প্রত্যক্ষদর্শীরা জানায়, আবুল কালাম নিজ বাড়ি থেকে মোটরসাইকেলযোগে তার ব্যবসা প্রতিষ্ঠান কার্পাসডাঙ্গা বাজারে যাচ্ছিলেন। এসময় কার্পাসডাঙ্গা থেকে একই মোটরসাইকেলে শাকিল ও হাসিবুল কুড়ুলগাছির উদ্দেশ্য যাচ্ছিলেন। কার্পাসডাঙ্গা নতুনপাড়ার মোড়ে পৌছালে দুই মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষ হয়। এতে দুই মোটরসাইকেলে থাকা তিনজনই রাস্তায় ছিটকে পড়ে গুরুতর আহত হয়ে।

পরে স্থানীয়রা তাদেরকে উদ্ধার চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগে নেয়ার কিছুক্ষণ পর চিকিৎসাধীন অবস্থায় আবুল কালামের মৃত্যু হয়। চুয়াডাঙ্গা সদর হাসপাতালে জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. উৎপলা বিশ্বাস বলেন, জরুরি বিভাগের নেয়ার কিছুক্ষন পর চিকিৎসাধীন অবস্থায় বৃদ্ধ আবুল কালামের মৃত্যু হয়েছে। আহত দুজনের অবস্থা শঙ্কামুক্ত। তাদেরকে প্রাথমিক চিকিৎসা শেষে ভর্তি করা হয়েছে।

আবুল কালামের মৃত্যুর খবর গ্রামের বাড়িতে পৌঁছানোর সাথে সাথেই আত্মীয় স্বজনদের কান্নায় বাতাস ভারী হয়ে ওঠে। এলাকায় শোকের ছায়া নেমে আসে।

অপরদিকে মৃত্যুর ঘটনা শুনার পরপরই কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান কামাল উদ্দীন নিহতের বাড়ি পৌঁছে তাঁর শোকাহত পরিবারের সদস্যদের শান্তনা দেন এবং গভীর সমবেদনা প্রকাশ করেন। এবং নিহতে পরিবারের যে কোন সমস্যায় তিনি পাশে থাকবেন বলে প্রতিশ্রুতি দেন।

এব্যাপারে দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ফেরদৌস ওয়াহিদ বলেন, দুই মোটরসাইকেলের সংঘর্ষে ১জনে মৃত্যু ও ২ জন আহত হয়েছে বলে তিনি নিশ্চিত করেন। এবিষয়ে কোন অভিযোগ না থাকায় এবং আবেদনের প্রেক্ষিতে মরদেহ পরিবারের নিকট হস্তান্তর করা হবে। উক্ত ঘটনায় দামুড়হুদা মডেল থানার একটি অপমৃত্যুর সাধারণ ডায়েরি করা হবে বলে জানান তিনি।

গাংনীতে রাজাকারমুক্ত আওয়ামী লীগ গঠন বাস্তবায়ন পরিষদের প্রস্তুতি সভা

মেহেরপুরের গাংনীতে রাজাকার ও অনুপ্রবেশকারী হাইব্রিডমুক্ত আওয়ামী লীগ গঠন বাস্তবায়ন পরিষদের উদ্যোগে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। রোববার বিকেলে উপজেলা আওয়ামী যুবলীগের গাংনী বাসস্ট্যান্ডের কার্যালয়ে এ প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

বীর মুক্তিযোদ্ধা ও সাবেক পৌর কমান্ডার আব্দুল লতিফ এর সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ কৃষকলীগের কেন্দ্রীয় কমিটির সদস্য ও মেহেরপুর জেলা কমিটির সাধারণ সম্পাদক এবং মেহেরপুর সরকারী কলেজের সাবেক ভিপি-জিএস ওয়াসিম সাজ্জাদ লিখন।

রাজাকার ও অনুপ্রবেশকারী হাইব্রিডমুক্ত আওয়ামী লীগ গঠন বাস্তবায়ন পরিষদের গাংনী উপজেলা শাখার সদস্য সচিব ও সাবেক ছাত্রলীগ নেতা ইসমাইল হোসেন এর সঞ্চালনায় সভায় বক্তব্য রাখেন রাজাকার ও অনুপ্রবেশকারী হাইব্রিডমুক্ত আওয়ামী লীগ গঠন বাস্তবায়ন পরিষদের গাংনী উপজেলা শাখার সদস্য ও উপজেলা আওয়ামী যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন,উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক শফিকামাল পলাশ,উপজেলা আওয়ামী যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও মেহেরপুর জেলা পরিষদের সদস্য মজিরুল ইসলাম প্রমুখ।

এসময় সভায় জেলা পরিষদ সদস্য শওকত আলী, রায়পুর ইউনিয়ন আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক আজিজার হোসেন মেম্বার, এলাঙ্গী গ্রামের ইউপি সদস্য শামীম হোসেন, গোপালনগর গ্রামের ইউপি সদস্য আজাদ আলী, রামকৃষ্ণপুর ধলা গ্রামের সাবেক ইউপি সদস্য ইলিয়াস হোসেন, সাবেক ছাত্রনেতা মাজেদুল ইসলাম গাড্ডু, আওয়ামী যুবলীগ নেতা আমজাদ হোসেন, কৃষকলীগ নেতা আজিজুল হক, মশিউর রহমান পলাশ, কাথুলী ইউনিয়নের তাঁতীলীগ সভাপতি শিপনসহ সকল ইউনিয়নের আওয়ামী লীগ ও অঙ্গসংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীবৃন্দ উপস্থিত ছিলেন।